14

দৈনিক ইনকিলাব

তারিখ ... OCT 13 1999 ...
পৃষ্ঠা ... কলাম ...

রাজশাহী কলেজে বোমাসহ আটক

## ছাত্রলীগ কর্মীর বিরুদ্ধে ব্যানার পোড়ানোর মামলা করতে গিয়ে গ্রেফতার

**রাজশাহী অফিস ঃ** মুজিববাদী ছাত্রলীগ কর্মীর বিরুদ্ধে ছাত্রদলের ব্যানার পোড়ানোর মামলা করতে গিয়ে উল্টো গ্রেফতার হয়েছে ছাত্রদল নেতা শফিকুল ইসলাম সমাপ্ত। ব্যানার পোড়ানোর অভিযোগে আটক ছাত্রলীগ কর্মী ওয়াহেদ সাদিককে পুলিশ ছেড়ে দিয়েছে।

রাজশাহী কলেজে ছাত্রদলের ব্যানার পোড়ানো ও উল্টো ছাত্রদল নেতাকে গ্রেফতারের প্রতিবাদে গত (সোমবার) রাজশাহী কলেজ ছিল উত্তপ্ত। সংঘর্ষের আশংকায় গতকাল কলেজে অঘোষিত ছুটি পালিত হয়। ঘটনার জন্য একে অপরকে দায়ী করে ছাত্রদল ও মুজিববাদী ছাত্রলীগ কলেজ ও নগরীতে বিক্ষোভ মিছিল, সমাবেশ করে। গত রবিবার কলেজে ছাত্রদলের ব্যানারে ছাত্রলীগের অগ্নিসংযোগের ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা দেখা দেয়। ছাত্রদল ব্যানার পোড়ানোর অভিযোগে হাতেনাতে ধরে ফেলে ছাত্রলীগ কর্মী ওয়াহেদ সাদিককে। তাকে পুলিশে সোপর্দ করা হয়। ছাত্রলীগের পক্ষ থেকে বলা হয়েছে, ছাত্রদলের কর্মীরা অকারণে ছাত্রলীগের কর্মীদের মারধর করেছে। এ নিয়ে উভয় পক্ষই মামলা করেছে একে অন্যের বিরুদ্ধে। সংঘর্ষের আশংকায় ক্যাম্পাসে বেশী সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়। সোমবার কলেজ ছাত্রাবাস চত্বর থেকে তিনটি বোমাসহ একজনকে পুলিশ গ্রেফতার করেছে। ক্যাম্পাসে সন্ত্রাসের প্রতিবাদ ও সমাপ্তর মুক্তি দাবী করে ছাত্রদল বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। তারা অবিলম্বে সমাপ্তর মুক্তির দাবী জানায়। ইসলামী ছাত্র শিবির এক বিবৃতিতে কলেজে সন্ত্রাসী ঘটনার নিন্দা জানিয়েছে।